# বান্দরবান বিশ্ববিদ্যালয়
## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: বাবি/প্রশাসন১/২০২৫/১২৭ তারিখ: ১৭/০৯/২০২৫

বান্দরবান বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/শাখায় নিম্নবর্ণিত শুন্যপদ সমূহ পূরণের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ০১. | সহযোগী অধ্যাপক<br>গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ | ১টি | ১। লোকপ্রশাসন/ডেভেলপমেন্ট স্টাডিজ বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।<br>২। স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষা জীবনে ন্যূনতম ০৩ টি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে।<br>৩। স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪। এমফিল/সমমান ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বছরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫। পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬। প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে। |
| ০২. | প্রভাষক ঃ<br>গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ, ম্যানেজমেন্ট, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, হসপিটালিটি এন্ড ট্যুরিজম ম্যানেজমেন্ট, | প্রতি বিষয়ে ১ টি | সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষা জীবনে ন্যূনতম ০৩ টি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে। |
| ০৩. | ডেপুটি রেজিস্ট্রার | ১টি | যেকোনো বিষয়ে দেশী/বিদেশী স্বনামধন্য বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তরসহ শিক্ষা জীবনে সকল স্তরে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪. | এডমিশন অফিসার | ১টি | যেকোনো বিষয়ে দেশী/বিদেশী স্বনামধন্য বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তরসহ শিক্ষা জীবনে সকল স্তরে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। |
| ০৫. | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ১টি | হিসাববিজ্ঞান বিষয়ে দেশী/বিদেশী স্বনামধন্য বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তরসহ শিক্ষা জীবনে সকল স্তরে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

- উপরোল্লিখিত সকল পদের জন্য বেতন ও অন্যান্য ভাতাদি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে।

আবেদনের নিয়ম:

ক। আগ্রহী প্রার্থীদের সংশ্লিষ্ট পদে আবেদনের নির্ধারিত ফরম বান্দরবান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http//www.bubban.ac.bd অথবা রেজিস্ট্রার অফিস, বান্দরবান বিশ্ববিদ্যালয় হতে সরাসরি সংগ্রহ করতে হবে।

খ। **"Bandarban University"** শিরোনামে ব্যাংক হিসাব নং- ১৬৩১৩০১০০০০০০০৯৫, ইউসিবি, বান্দরবান শাখা এর অনুকূলে ০১ নং ও ০৩ নং পদের জন্য ৭০০/= (সাতশত টাকা), ০২, ০৪ এবং ০৫ নং পদের জন্য ৫০০/=(পাঁচশত টাকা) পে-অর্ডার করতে হবে। উল্লেখ্য, ব্যাংক পে-অর্ডারের মূলকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

গ। আবেদনপত্র ১৭/০৯/২০২৫ হতে ২৭/০৯/২০২৫ তারিখ এর মধ্যে সরাসরি বা ডাকযোগে রেজিস্ট্রার অফিস, বান্দরবান বিশ্ববিদ্যালয়, রোয়াদ হাইটস, মেইন রোড, বান্দরবান-৪৬০০ বরাবর পৌঁছাতে হবে। যোগাযোগের নাম্বার: ০১৩১৮-৩০৫৮৯৯, ০১৩১৮-৩০৫৯০০

(টি.এ.এম ওমর ফারুক)<br>
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)<br>
বান্দরবান বিশ্ববিদ্যালয়